



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা-১২১৬।  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)



স্মারক নং- ৩৮.০১.০০০০.৮০১.২৫.১৫৬.২১- ৭৮

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩০  
০৭ সেপ্টেম্বর ২০২৩

**বিষয়:** Special Education Needs and Disabilities (SEND)-এর আওতায় একীভূত শিক্ষা বিষয়ক ‘‘একীভূতকরণ: শিখন-শেখানো ও মূল্যায়ন’’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজনের অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি) ৪) এর সাব-কম্পোনেন্ট Special Education Needs and Disabilities (SEND)-এর আওতায় USAID's সবাই মিলে শিখি প্রকল্পকে শর্তসাপেক্ষে সহকারী শিক্ষকগণের জন্য একীভূত শিক্ষা বিষয়ক প্রশিক্ষণ ‘‘একীভূতকরণ: শিখন-শেখানো ও মূল্যায়ন’’ শীর্ষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের অনুমোদন প্রদান করা হলো।

০২। সহকারী শিক্ষক বাছাইয়ের ক্ষেত্রে উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তাগণ কর্তৃক নিয়ন্ত্রিত যোগ্যতা ও শর্তসমূহ অনুসরণের মাধ্যমে বর্ণিত প্রশিক্ষণের জন্য শিক্ষক প্রশিক্ষণ প্রদান করবেন:

- ক) প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে একজন মাত্র সহকারী শিক্ষককে SEND বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক হিসেবে চাকুরীকাল কমপক্ষে ৭ বছর হতে হবে এবং পঞ্চাশোর্ধ্ব বয়সের কোন শিক্ষককে মনোনয়ন প্রদান করা যাবে না;
- খ) প্রধান শিক্ষক পুরুষ হলে মহিলা সহকারী শিক্ষককে মনোনয়ন প্রদান করতে হবে;
- গ) বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের বিষয়ে আন্তরিক এবং পাঠদানে দক্ষ শিক্ষককে অগ্রাধিকার প্রদান করতে হবে;
- ঘ) প্রশিক্ষণে আগ্রহী ও প্রশিক্ষক হিসেবে দক্ষতা সম্পন্ন শিক্ষককে অগ্রাধিকার প্রদান করতে হবে এবং
- (ঙ) সমাজবিজ্ঞান/ শিক্ষা বিজ্ঞান/ মনোবিজ্ঞান বিষয়ে ব্যাচেলর/ অনার্স/ মাস্টার্স ডিগ্রীধারী শিক্ষকগণকে অগ্রাধিকার প্রদান করতে হবে;

০৩। এমতাবস্থায়, USAID's সবাই মিলে শিখি প্রকল্পকে সহকারী শিক্ষকগণের উন্নিষিত যোগ্যতা ও শর্তসমূহ নিশ্চিতকরণ পূর্বক নিয়ন্ত্রিত শর্তসাপেক্ষে সহকারী শিক্ষকগণের জন্য বর্ণিত প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের অনুমোদন প্রদান করা হলো:

- ক. সংশ্লিষ্ট পিটিআইতে প্রশিক্ষকগণের প্রশিক্ষণ (ToT) আরম্ভ হলে Master Trainer গণ অন্তিবিলম্বে ToT-এ প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন এবং ToT শুরু হলে সহকারী শিক্ষকগণের প্রশিক্ষণ বৰ্ক করতে হবে;
- খ. প্রত্যেক বিদ্যালয় থেকে উন্নিষিত যোগ্যতা ও মানদণ্ড অনুসারে ১(এক) জন সহকারী শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করতে হবে;
- গ. সূচনা ফাউন্ডেশনের কারিগরী সহযোগীতায় প্রণয়নকৃত ম্যানুয়াল অনুসরণ করে প্রশিক্ষণ প্রদান করতে হবে;
- ঘ. DPP'র নির্ধারিত বাজেট বিভাজন অনুসারে যাতায়াত ও অন্যান্য ভাতাদি প্রদান করতে হবে;
- ঙ. প্রশিক্ষণের যাবতীয় ব্যায় USAID's সবাই মিলে শিখি প্রকল্প বহন করবে এবং
- চ. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর যে কোন সময় বর্ণিত প্রশিক্ষণ কার্যক্রম স্থগিত/বৰ্ক করার অধিবার সংরক্ষন করে।

মনীষ চাকমা

পরিচালক (পলিসি এন্ড অপারেশন)

ফোন: ৫৫০৭৪৯১৮

dirpolicydpe@gmail.com

সাইদা আমিস প্রু  
চিফ অব পার্টি  
USAID সবাই মিলে শিখি প্রকল্প

অনুলিপি:

১. পরিচালক, প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ/মনি: ও মূল্যায়ন/ প্রকিউরমেন্ট, আই এমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল) বিভাগ।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা (প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।

৪. সুপারিনটেনডেন্ট, সংশ্লিষ্ট পিটিআই, (সংশ্লিষ্ট ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৫. উপজেলা/থানা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট উপজেলা/থানা (নির্ধারিত নির্দেশনা অনুসারে যথাসময়ে মনোনয়ন ও ডেপুটেশন প্রদানের অনুরোধসহ)।
৬. ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর, (সংশ্লিষ্ট উপজেলা, প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অফিস কপি।